# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 24.01.2025** **Desk in Charge :**

**Time : 7.50 P.M** **Compiling :**

**Opening Announcementঃ- আকাশবাণী, খবর পড়ছি –**

বিশেষ বিশেষ খবরঃ–

১/ রাজ্যে আজ শুরু হয়েছে দুয়ারে সরকার কর্মসূচি।

# প্রথম দিনে রাজ্য জুড়ে ১৩ হাজার ৯২২টি শিবিরের আয়োজন করা হয়।

# কর্মশ্রী প্রকল্পে জবকার্ডধারীদের 'বাংলার বাড়ি' তৈরির কাজে লাগানো হবে।

২/ বিজেপি, মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতি মৃত্যু ও স্যালাইন কাণ্ডে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের বিবৃতি দাবি করেছে।

৩/ প্রকাশ্যে অভব্য আচরণ করার জন্য অশোক নগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক নারায়ন গোস্বামীকে বিধানসভার শৃঙ্খলারক্ষা কমিটি 'শো কজ' করেছে।

৪/ আগামীকাল জাতীয় ভোটার দিবস। তরুণ প্রজন্মকে ভোটার তালিকায় নাম নথিভুক্তকরণ করতে উৎসাহিত করা, এই দিনটি পালনের মূল লক্ষ্য।

# চার জেলাশাসককে বিশেষ পুরস্কার দেওয়া হবে।

৫/ আজ জাতীয় শিশু কন্যা দিবস। শিশু কন্যাদের শিক্ষা, পুষ্টি, অধিকার, যত্ন নিয়ে জনসচেতনতা প্রসারের লক্ষ্যে দেশ জুড়ে দিনটি উদ্‌যাপিত হচ্ছে।

৬/ বাঘাযতীন, কামারহাটি, ট্যাংড়ার পর এবার উত্তর ২৪ পরগণার বরানগরে পাশাপাশি দুটি বাড়ি হেলে পড়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

*********************************************************************

রাজ্যে আজ শুরু হয়েছে দুয়ারে সরকার কর্মসূচি। প্রথম দিনে রাজ্য জুড়ে ১৩ হাজার ৯২২টি শিবিরের আয়োজন করা হয়। পাঁচ লক্ষের'ও বেশি মানুষ আজ প্রথম দিনে দুয়ারে সরকার শিবিরে এসেছেন বলে নবান্নের সরকারি সূত্রে জানা গিয়েছে।

এবার ১ লক্ষ ৬ হাজারের বেশি শিবির করার পরিকল্পনা রয়েছে সরকারের। প্রত্যন্ত এলাকায় শিবির করার ওপর এবার বিশেষ জোর দেওয়া হচ্ছে।

প্রসঙ্গত, রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে নবম দুয়ারে সরকার কর্মসূচি চলবে ১ ফেব্রুয়ারি পর্যন্ত।

সকাল ১০টা থেকে বিকাল ৪টে অবধি চলবে শিবির। মোট ৩৭টি প্রকল্পের সুবিধার জন্য শিবিরে আবেদন জমা নেওয়া হবে।

************************

কর্মশ্রী প্রকল্পে জবকার্ডধারী শ্রমিকদের 'বাংলার বাড়ি' তৈরির কাজে লাগানো হবে। ওই বাড়িগুলি তৈরীর জন্য কর্মশ্রী প্রকল্পে নথিভুক্ত শ্রমিকদের কাজে লাগাতে পঞ্চায়েত দফতরের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে।
ওই প্রকল্পে প্রায় ১২ লক্ষ বাড়ি তৈরির প্রথম কিস্তির টাকা বিলির কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ। পঞ্চায়েত দফতর সূত্রে জানা গেছে, বাড়ি পিছু একজন জবকার্ডধারীকে কাজে লাগানো হবে। ফলে তারা বাড়তি উপার্জন'ও করতে পারবেন।
উল্লেখ্য, রাজ্যে একশ দিনের কাজ বন্ধ থাকায় ওই প্রকল্পে কর্মহীনদের বিকল্প কাজের সুযোগ দিতে রাজ্য সরকার চলতি আর্থিক বছরের বাজেটে এই প্রকল্প-এর সূচনা করে। ৫০ দিনের কাজের এই প্রকল্পে চলতি বছরে ৭৫ লক্ষ মানুষকে কাজ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এর জন্য পুরো খরচ বহন করবে রাজ্য সরকার।

************************

বিজেপি, মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতি মৃত্যু ও স্যালাইন কাণ্ডে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের বিবৃতি দাবি করেছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বিজেপির 'চিকিৎসক সেলে'র প্রতিনিধিদের নিয়ে  রাজ্যপালের কাছে এই মর্মে এক স্মারকলিপি জমা দেন। পরে বিরোধী দলনেতা সাংবাদিকদের বলেন, গুরুতর অসুস্থদের শারীরিক অবস্থা জানতে SSKM হাসপাতালের সুপার বা ডেপুটি সুপার স্বাক্ষরিত মেডিক্যাল বুলেটিন প্রকাশ, স্যালাইন কাণ্ডে সঠিক ক্ষতিপূরণ এবং রাজ্য সরকারের কাছে এবিষয়ে রিপোর্ট চাওয়ার জন্য তাঁরা রাজ্যপালের কাছে আর্জি জানিয়েছেন। আদালত স্যালাইন কাণ্ডে কতজন ক্ষতিগ্রস্ত, তার তালিকা চেয়েছে। সেই তালিকার ভিত্তিতেই পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। ক্ষতিগ্রস্তদের প্রত্যেককে চিকিৎসা না দেওয়া হলে রোগীর পরিবারের সদস্যদের নিয়ে নবান্ন এবং কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনে অভিযান করা হবে বলেও বিরোধী দলনেতা সতর্ক করে দেন।     এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রীকে নিশানা করেন তিনি।

( বাইট-  শুভেন্দু  )

উল্লেখ্য, এই ঘটনায় স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের গ্রেপ্তার, জুনিয়র ডাক্তারদের সাসপেনশন ও মিথ্যা মামলা প্রত্যাহার এবং ক্ষতিপূরণের দাবিতে বিরোধী দলনেতা আজ কলেজ স্কোয়ারে এক প্রতিবাদ মিছিলে সামিল হন।

এদিকে, তৃণমূল কংগ্রেস, বিজেপির এই দাবীর সমালোচনা করেছে। দলের নেতা কুণাল ঘোষ সাংবাদিকদের বলেন, স্যালাইন কাণ্ডে প্রসূতি মৃত্যু নিয়ে বিরোধী দল 'সস্তার রাজনীতি' করছে।

( বাইট- কুণাল )

*************************

প্রকাশ্যে অভব্য আচরণ করার জন্য অশোকনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক নারায়ণ গোস্বামীকে বিধানসভার শৃঙ্খলা রক্ষা কমিটি শোকজ করেছে। পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় আজ তাঁর হাতে 'কারণ দর্শানো'র নির্দেশ সম্বলিত চিঠি তুলে দেন। দ্রুত ঐ বিধায়ককে নিজের আচরণের ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, এর আগেই তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জানানো হয়েছে, দল এই ধরণের অসৌজন্যমূলক আচরণ কোনোভাবেই অনুমোদন করবে না। জেলা শৃঙ্খলারক্ষা কমিটি, উত্তর ২৪ পরগণা জেলা সভাধিপতির বিরুদ্ধে ব্যবস্থা নেবে বলেও জানানো হয়।

************************

মালদার নূরপুরে, ভলিবল প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল শূণ্যে গুলি চালনার ঘটনায় পুলিশ অস্ত্র আইনে মামলা দায়ের করেছে।

চার বন্দুকধারী মনসুর আহমেদ, মহম্মদ আমিনুর রহমান, আলকামা খান চৌধুরী ও মহম্মদ বক্তওয়ার খানের খোঁজে তল্লাশী চলেছে। বন্দুকগুলি বাজেয়াপ্ত করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল নূরপুরে ওই চার বন্দুকধারী শূণ্যে গুলি ছুঁড়ে খেলার উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা করে। এই নিয়ে চাঞ্চল্য ছড়ায়।

************************

নদীয়ার কৃষ্ণগঞ্জে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী মাজদিয়ায় মাটির নীচ থেকে তিনটি বাঙ্কার উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। মাজদিয়া সুধীর রঞ্জন লাহিড়ী মহা বিদ্যালয় সংলগ্ন এলাকা থেকে ওই তিনটি বাঙ্কারের খোঁজ পায় BSF । তার মধ্যে থেকে উদ্ধার হয়েছে কয়েক লক্ষ বোতল কাফ সিরাপ। সাধারণতন্ত্র দিবসের আগে BSF-এর সাফল্য বিশেষ কৃতিত্বের দাবী রাখে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- ( ভিসি- অনুপম )

************************

দিল্লিতে আয়োজিত সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ পেয়েছেন পূর্ব বর্ধমানের কালনার শ্যামগঞ্জের বাসিন্দা রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত তাঁত শিল্পী ভোলানাথ মন্ডল। আমন্ত্রণ পেয়ে আপ্লুত ভোলানাথ বাবু। গতকালই তিনি সস্ত্রীক দিল্লির উদ্দেশ্যে রওনা দিয়েছেন।

এদিকে পশ্চিম মেদিনীপুরের ডেবরার দম্পতি তাপস জানা ও গৌরী জানার সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে। মাদুর শিল্পের বয়ানে বিশেষ কৃতিত্বের জন্যে তারা এর আগে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের জাতীয় পুরস্কার লাভ করেন।

************************

৭৬-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে আগামীকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন। আকাশবাণীর সবক'টি প্রচার তরঙ্গে তা' শোনা যাবে সন্ধ্যে ৭'টা থেকে। এর জন্য **আগামীকাল সন্ধ্যে ৭'টা ৩৫ মিনিটের বাংলা সংবাদ রাত ৮'টায় প্রচারিত হবে।** রাত সাড়ে ৯'টায় প্রচারিত হবে রাষ্ট্রপতির ভাষণের বাংলা তর্জমা।

( রাত ১০'টায় প্রচারিত হবে সর্বভাষা কবি সম্মেলনের বাংলা রেকর্ডিং। **রাত ১০ টার বাংলা সংবাদ শোনা যাবে FM গোল্ড-এ।** )

অন্যদিকে, **২৬শে জানুয়ারী,** সাধারণতন্ত্র দিবসে পশ্চিমবঙ্গের রাজ্যপাল C V আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন। সকাল সাড়ে আটটা থেকে তা' শোনা যাবে। এদিকে, ২৬ তারিখ নতুন দিল্লিতে কর্তব্যপথ এবং জাতীয় যুদ্ধ স্মারকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ধারা বিবরণী, সকাল ৯'টা ৪০ মিনিট থেকে ইংরেজী এবং হিন্দিতে প্রচারিত হবে। **৯'টা ১৫ মিনিটের বাংলা সংবাদ গীতাঞ্জলীর পরিবর্তে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে শোনা যাবে। এর জন্য আকাশবাণী কলকাতা কেন্দ্রের ১০টা ১০-এর স্থানীয় সংবাদ ঐদিন প্রচারিত হবে না।**

*************************

আগামীকাল জাতীয় ভোটার দিবস। তরুণ প্রজন্মকে ভোটার তালিকায় নাম নথিভুক্তকরণ করতে উৎসাহিত করা, এই দিনটি পালনের মূল লক্ষ্য।

সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথাযোগ্যভাবে জাতীয় ভোটার দিবস পালন করা হবে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ভাষা ভবন অডিটোরিয়ামে। মুখ্য নির্বাচনী আধিকারিক দিবেন্দু দাসের পরিচালনায় ওই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে থাকবেন মুখ্য সচিব মনোজ পন্থ্।

উল্লেখ্য, ভাষা ভবনের ওই অনুষ্ঠানে ভটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও নির্বাচনী কাজের স্বীকৃতি হিসেবে পুরস্কৃত করা হবে চার জেলা শাসককে। এরা হলেন, দক্ষিণ ২৪ পরগনার জেলা শাসক সুমিত গুপ্তা, জলপাইগুড়ির শামা পারভিন, পশ্চিম বর্ধমানের পোন্নাম বালাম এস এবং বাঁকুড়ার সইদ এন।

রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, ভোটার তালিকা সংশোধনের কাজে উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য বাঁকুড়া ও পশ্চিম বর্ধমানের জেলা শাসকরা পুরস্কৃত হবেন। অন্যদিকে, ভোটারদের মধ্যে নির্বাচন নিয়ে প্রচারের কাজের জন্য দক্ষিণ ২৪ পরগনা ও জলপাইগুড়ির জেলাশাসকরা পুরস্কৃত হচ্ছেন। অরিন্দম নিয়োগী বলেন- ( বাইট- অরিন্দম নিয়োগী)

এদিকে, ভোটার দিবস উপলক্ষ্যে ভোটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজ্য স্তরে বিতর্ক, আঁকা, প্রবন্ধ ও স্লোগান- এই চারটি বিভাগে প্রতিযোগিতার আয়োজন করা হয়। আগামীকালের ওই অনুষ্ঠানে প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে। কমিশন সূত্রে জানা গেছে, প্রথম স্থানে ১, দ্বিতীয় স্থানে ২ ও তৃতীয় স্থানে তিনজন করে প্রতিযোগী নির্বাচিত হয়েছে। অন্যদিকে অঙ্কনে প্রথম ও দ্বিতীয় স্থানে একজন করে এবং তৃতীয় স্থানে দুজন প্রতিযোগী রয়েছে।

************************

আজ জাতীয় শিশু কন্যা দিবস। শিশু কন্যাদের শিক্ষা, পুষ্টি, অধিকার, যত্ন নিয়ে জনসচেতনতা প্রসারের লক্ষ্যে দেশ জুড়ে দিনটি উদ্‌যাপিত হচ্ছে।

সমাজে যাতে শিশু কন্যা বা মহিলারা ভেদাভেদ বা বৈষম্যের শিকার না হতে পারেন, সেই লক্ষ্য নিয়েই ২০০৮ সালে ভারত সরকারের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক জনসচেতনতা প্রসার কর্মসূচীর মধ্য দিয়ে দিনটি উদ্‌যাপন শুরু করে।

************************

কবি মাইকেল মধুসূদন দত্তের দ্বিশততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আজ এক প্রদর্শনী গ্যালারির উদ্বোধন করা হয় IIEST শিবপুরের একাডেমি বিল্ডিং-এর প্রথম লবিতে|গ্যালারিটির উদ্বোধন করেন আচার্য্য জগদীশ চন্দ্র বোস ইন্ডিয়ান বোটানিক গার্ডেনের প্রধান ড:দেবেন্দ্র কুমার সিং| মূলত কবির জীবন ও তাঁর অবদানকে তুলে ধরতেই এই উদ্যোগ|

উল্লেখ্য, IIEST ক্যাম্পাসে ঐতিহাসিক বিশপ কলেজের ছাত্র ছিলেন কবি মাইকেল মধুসূদন দত্ত| তিনি বিশপ কলেজে ভর্তি হন 9 ই নভেম্বর 1844 সালে| তিনি ছাত্রাবস্থায় ল্যাটিন, গ্রিক, সংস্কৃত ভাষা শেখেন|

**************************

বাঘাযতীন, কামারহাটি, ট্যাংড়ার পর এবার উত্তর ২৪ পরগণার বরানগরে পাশাপাশি দুটি বাড়ি হেলে পড়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

বরাহনগর পৌরসভার পৌর পরিষদ সদস্য রামকৃষ্ণ পাল বলেছেন, যখন এই বাড়িগুলি তৈরী হয়, তখন তিনি দায়িত্বে ছিলেন না। অন্যদিকে বিধায়ক তাপস রায় বলেছেন, ওই বাড়ির বাইরে বিপজ্জনক বলে নোটিশ টাঙ্গানো হয়েছিল, কিন্তু প্রশাসনের পক্ষ থেকে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। আবাসিকরা জানিয়েছেন, চারতলা বাড়ি দুটি একই প্রমোটারের।

অন্যদিকে, শহর কলকাতা ও শহরতলীর কয়েকটি হেলে পড়া ফ্ল্যাট বাড়ির ঘটনা নিয়ে পুর ভবনে আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, সব বাড়ী বিপজ্জনক, বা সব বাড়ি অবৈধ তা নয়। অবৈধ নির্মাণ একটা সময় ধারাবাহিক ছিল শহরে। তবে পুরসভা এখন তা বন্ধ করার উদ্যোগ নিয়েছে। মেয়র আরো বলেন, প্রোমোটার বেআইনিভাবে বাড়ি নির্মাণ করছে কিনা তা ক্রেতাদের দেখে নিতে হবে। প্রতারকের ফাঁদে পা না দেওয়ার আবেদন জানান তিনি। বেআইনি বাড়ি বা ফ্লাট বাড়ি না কেনার বিষয়ে ক্রেতাদের সতর্ক থাকারও বার্তা দেন মেয়র ফিরহাদ হাকিম।

**************************

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে আজ সন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, কেরালা ব্লাস্টার্স এর মুখোমুখি হয়েছে।

শেষ পাওয়া খবরে, ইস্টবেঙ্গল এক শূণ্য গোলে এগিয়ে রয়েছে।

উল্লেখ্য, ১৭ ম্যাচে ২১ পয়েন্ট সংগ্রহ করে কেরালা লিগতালিকায় অষ্টম স্থানে, ১৬ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল একাদশ স্থানে রয়েছে।

*************************************************************************